

## অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ

সামষ্টিক অর্থনীতি অনুবিভাগের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয় ২০০৮ সালের অক্টোবর মাসে। শুরু থেকেই সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ অর্থ বিভাগের সামগ্রিক কর্মকাণ্ডে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। এ অনুবিভাগের গুরুত্বপূর্ণ কার্যাবলী নিম্নে উল্লেখ করা হলোঃ

ক) অর্থনীতির চারটি খাত তথা প্রকৃত, রাজস্ব, মুদ্রা ও আর্থিক খাত এবং বহিস্ফঃ খাতের আন্তঃসম্পর্কের ভিত্তিতে Aggregate Fiscal Discipline নিশ্চিত করার লক্ষ্য সামনে রেখে সামষ্টিক অর্থনৈতিক চলকসমূহের হিসাব ও প্রক্ষেপণসহ **মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো** (Medium Term Macroeconomic Framework-MTMF) প্রণয়ন এবং নিয়মিতভাবে তা হালনাগাদকরণের কাজটি করে সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ। মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত ‘আর্থিক, মুদ্রা ও বিনিময় হার সংক্রান্ত কো-অর্ডিনেশন কাউন্সিল’ এর সভায় এ কাঠামোর চূড়ান্ত অনুমোদন দেয়া হয়। উক্ত সভার জন্য তথ্যবহুল কার্যপত্র প্রণয়ন ছাড়াও আনুষঙ্গিক সকল কার্যাদি সম্পাদন করে থাকে সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ;

খ) সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর ১১ ধারামতে প্রতিবছর বাজেট বক্তৃতার সাথে জাতীয় সংসদে পেশ করতে হয় **মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি** (Medium Term Macroeconomic Policy Statement)। নীতি বিবৃতি প্রণয়নের কাজটি করে সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ। বিশ্ব ও দেশীয় অর্থনীতির গতিপ্রকৃতি বিশ্লেষণের পাশাপাশি এ নীতি বিবৃতিতে সরকারের মধ্যমেয়াদি চ্যালেঞ্জ ও সম্ভাব্য নীতি-কৌশলের তথ্যনির্ভর বিশ্লেষণধর্মী আলোচনা অন্তর্ভুক্ত থাকে। পাশাপাশি, মধ্যমেয়াদে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির সম্ভাবনা, সামষ্টিক অর্থনৈতিক চলকসমূহের মধ্যমেয়াদি প্রক্ষেপণ, সরকারের রাজস্ব নীতির কৌশলগত অগ্রাধিকারসমূহ, সরকারের রাজস্ব আয়, সরকারি ব্যয়, বাজেট ঘাটতি, অর্থায়ন, অর্থায়নের উৎস, সরকারের ঋণ কৌশল ইত্যাদি বিষয়ে বিশ্লেষণ তুলে ধরা হয়;

গ) প্রতিবছর মাননীয় অর্থমন্ত্রী জাতীয় সংসদে যে বাজেট বক্তৃতা পেশ করেন তার খসড়া প্রণয়নের কাজও সম্পাদন করে সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ। বাজেটে ঘোষিত প্রতিশ্রুতিসমূহের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করা এ অনুবিভাগের অন্যতম প্রধান কাজ। ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রণালয়/বিভাগসমূহ হতে বাজেট বাস্তবায়ন অগ্রগতির তথ্য সংগ্রহ করা হয়। বাজেট বাস্তবায়ন অগ্রগতির তথ্য, সরকারের আয়-ব্যয়ের হিসাব ও সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির চিত্র তুলে ধরে প্রস্তুত করা হয় ‘**বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয় ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন**’। সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর ১৫(৪) ধারা অনুযায়ী এ প্রতিবেদন পেশ করা হয় জাতীয় সংসদে। সমসাময়িক জাতীয় গুরুত্বপূর্ণ আর্থ-সামাজিক বিষয়ে ধারণা/কৌশলপত্র প্রণয়ন সামষ্টিক অর্থনৈতিক অনুবিভাগের আর একটি গুরুত্বপূর্ণ কাজ; বাজেট প্রণয়নকালে প্রাসঙ্গিকতা বিবেচনায় এ সকল ধারণাপত্রে উপস্থাপিত নীতিকৌশলগত সুপারিশসমূহ বিবেচনা করা হয়। প্রণীত এসকল ধারণাপত্রের মধ্যে কয়েকটি ইতোমধ্যে সরকারের বেশ কিছু গুরুত্বপূর্ণ নীতি-কৌশলের ভিত্তি হিসেবেও কাজ করেছে। এছাড়া, অর্থ বিভাগ সংশ্লিষ্ট কার্যাদি এবং আর্থ-সামাজিক গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়ে নিয়মিত সাপ্তাহিক উপস্থাপনা কার্যক্রম পরিচালনা ও সমন্বয়ের কাজ করে সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ;

ঘ) অর্থ বিভাগের ওয়েবসাইটে নিয়মিত প্রকাশিত রাজস্ব প্রতিবেদনসমূহ, যেমন- **Monthly Report on Fiscal Position, Monthly Macro Fiscal Update ও Annual Report on Fiscal Position** তৈরি করে এ অনুবিভাগ। এ সকল প্রতিবেদনে সংকলিত সরকারের রাজস্ব আহরণ ও ব্যয় সংক্রান্ত তথ্য-উপাত্ত এবং সামষ্টিক অর্থনৈতিক চলকসমূহের হালনাগাদ চিত্র দেশে-বিদেশে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, শিক্ষা ও গবেষণাকেন্দ্রসমূহ নিয়মিত ব্যবহার করে থাকে। এছাড়াও আন্তর্জাতিক মুদ্রা তহবিল, ক্রেডিট রেটিং সংস্থাসমূহ সরকারের আর্থিক ব্যবস্থাপনার উৎকর্ষ মূল্যায়নের ক্ষেত্রে এ সকল প্রতিবেদন বিবেচনায় নেয়। তদুপরি দেশের আর্থ-সামাজিক অগ্রগতি ও সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির হালনাগাদ তথ্য সম্বলিত পুস্তিকা প্রস্তুত করে এ অনুবিভাগ;

ঙ) প্রক্ষেপণের ক্ষেত্রে উৎকর্ষ আনা এবং প্রক্ষেপণ ও প্রকৃত হিসাবের ব্যবধান কমিয়ে আনার মাধ্যমে সামষ্টিক অর্থনৈতিক চলকসমূহ বিষয়ক প্রাক্কলনের গ্রহণযোগ্যতা বাড়ানোর লক্ষ্যে এ অনুবিভাগ সামষ্টিক অর্থনৈতিক মডেল তৈরির প্রচেষ্টা চালিয়ে আসছে। সাম্প্রতিক সময়ে এ উদ্যোগ আরো জোরদার করা হয়েছে;

চ) তিন ধাপে মোট ১৫ লক্ষ লোকের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক ২০১৫-১৬ অর্থবছর থেকে ১০ বছর মেয়াদি ‘Skill for Employment Investment Program (SEIP)’ বাস্তবায়ন করা হচ্ছে। অর্থ বিভাগে এ প্রকল্প সংশ্লিষ্ট যাবতীয় কার্যাদি সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ সম্পাদন করে; এবং

ছ) সামষ্টিক অর্থনৈতিক অনুবিভাগের গুরুত্বপূর্ণ কাজের তালিকায় আরো আছে- Standard & Poor’s (S&P), Moody’s ও Fitch আন্তর্জাতিক ক্রেডিট রেটিং সংস্থাসমূহের সাথে সভা অনুষ্ঠান এবং সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি বিষয়ে তাদের হালনাগাদ তথ্য সরবরাহকরণ; সার্ক, কমনওয়েলথসহ বিভিন্ন দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক অর্থনৈতিক সহযোগিতা ফোরাম সংশ্লিষ্ট বিষয়াদির প্রক্রিয়াকরণ; সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি বিষয়ে তথ্য-উপাত্ত/বিশ্লেষণাত্মক লেখা (Write-up)/কান্ট্রি ব্রিফ/বক্তৃতার খসড়া/মন্তব্য ইত্যাদি প্রস্তুতকরণ।

### ২০১৮-২০১৯ অর্থবছরে সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী ও অর্জন সমূহ

#### মধ্যমেয়াদি বাজেট কাঠামো সম্পর্কিত কার্যাবলী:

- নভেম্বর ২০১৮ ও এপ্রিল ২০১৯ সময়ে মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো (Medium Term Macroeconomic Framework – MTMF) হালনাগাদকরণ;
- মধ্যমেয়াদি সামষ্টিক অর্থনৈতিক কাঠামো হালনাগাদকরণের লক্ষ্যে এমটিএমএফ ওয়ার্কিং গ্রুপের দুটো সভা আয়োজন;
- আর্থিক, মুদ্রা ও বিনিময় হার সংক্রান্ত নীতি নির্ধারণ এবং এদের মধ্যে যথাযথ সমন্বয় সাধনের লক্ষ্যে নভেম্বর ২০১৮ ও এপ্রিল ২০১৯ মাসে এতদসংক্রান্ত কো-অর্ডিনেশন কাউন্সিলের মোট দুটো সভা আয়োজন:
  - এতদবিষয়ে গৃহীত কার্যক্রমের মধ্যে ছিল সভার কার্যপত্র প্রণয়ন, রেকর্ড নোট প্রস্তুতকরণ, সার সংক্ষেপ মাননীয় অর্থমন্ত্রী সমীপে উপস্থাপন, এবং সভায় গৃহীত সিদ্ধান্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে অবহিতকরণের যাবতীয় সাচিবিক কার্যাদি সম্পাদন।
- সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর ধারা ১১ অনুযায়ী জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে মধ্যমেয়াদি (২০১৯-২০ হতে ২০২১-২২ পর্যন্ত) সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি (বাংলা ও ইংরেজী সংস্করণ) প্রণয়ন;
- বাংলাদেশের অর্থনীতির জন্য Macro-fiscal Forecasting Model তৈরি ও দীর্ঘমেয়াদি গ্রোথ মডেল (Long Term Growth Model - LTGM) তৈরির কাজ সম্পাদন; এবং
- Macro-Fiscal Database তৈরির কাজ সম্পাদন।

## বার্ষিক প্রতিবেদন ২০১৮-১৯

### বাজেট সংশ্লিষ্ট কার্যাবলী:

- বাজেট বক্তৃতার ইনপুট সংগ্রহের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার প্রধানগণের বরাবরে আধাসরকারি পত্র প্রেরণ, ইনপুট সংগ্রহ ও সংকলন;
- বাজেট বক্তৃতার খসড়া প্রণয়ন;
- বাজেট বক্তৃতার ইংরেজি অনুবাদ করার কাজে অংশগ্রহণ;
- বিগত এক দশকের (২০০৯-২০১০ হতে ২০১৮-১৯) বাজেটে ঘোষিত উল্লেখযোগ্য কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক প্রতিবেদন/ সারণি প্রস্তুতকরণ (ইতোমধ্যে সফলভাবে বাস্তবায়িত, বাস্তবায়নাধীন, চলমান ইত্যাদি);
- বাজেট বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে তথ্য সংগ্রহ, বাজেট বাস্তবায়ন অগ্রগতি মেট্রিক্স প্রণয়ন এবং তা হালনাগাদকরণ;
- সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর ধারা ১৫ অনুযায়ী জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে ২০১৮-১৯ অর্থবছরের বাজেট বাস্তবায়ন ও আয় ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক প্রতিবেদন প্রণয়ন;
- মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপিত বাজেটপূর্ব ব্রিফিং এর জন্য সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি সংশ্লিষ্ট অংশের জন্য তথ্য উপাত্ত প্রদান এবং স্লাইড প্রস্তুতকরণ; এবং
- বিশ্বব্যাংকের বাজেট সাপোর্ট Development Policy Credit (DPC) সংক্রান্ত কার্যক্রমের ধারাবাহিকতায় DPC-১ সম্পন্ন এবং তার আওতায় বিশ্ব ব্যাংক হতে বাজেট সাপোর্ট ঋণ হিসেবে ২৫১.৩৮ মি: মা: ডলারের সমপরিমাণ ২১১০.৩৬ কোটি টাকা ছাড়করণে প্রয়োজনীয় কার্যাদি সম্পাদন।

### ক্রেডিট রেটিং সংক্রান্ত কার্যাবলী:

- দেশের উন্নত ঋণমান বজায় রাখার কাজে সহায়তার উদ্দেশ্যে Standard & Poor's (S&P), Moody's ও Fitch আন্তর্জাতিক ক্রেডিট রেটিং সংস্থাসমূহের সাথে সভা অনুষ্ঠান এবং সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি বিষয়ে তাদের হালনাগাদ তথ্য সরবরাহকরণ।

### রিপোর্টিং ও পুস্তিকা প্রণয়ন

- Monthly Macro-fiscal Update শীর্ষক ১২ টি প্রতিবেদন প্রস্তুতপূর্বক অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ;
- Monthly Report on Fiscal Position প্রস্তুতকরণ এবং তা অর্থ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ;
- জাতীয় উন্নয়ন মেলা উপলক্ষ্যে 'এগিয়ে যাচ্ছে বাংলাদেশ' শীর্ষক লিফলেট প্রণয়ন;
- বাংলাদেশ স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস থেকে উত্তরণের যোগ্যতা অর্জনের প্রেক্ষাপটে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ হতে প্রকাশিত স্মরণিকার জন্য অর্থ বিভাগের সাফল্য ও অর্জন বিষয়ক লেখনী প্রণয়ন;
- 'Socioeconomic Progress and Recent Macroeconomic Situation' শীর্ষক পুস্তিকা প্রকাশ;
- 'Bangladesh Marches On' শীর্ষক পুস্তিকা প্রকাশ; এবং
- অর্থমন্ত্রণালয় সম্পর্কিত 'অগ্রযাত্রার দশ বছর (২০০৮-০৯ হতে ২০১৭-১৮)' শীর্ষক পুস্তিকা প্রকাশ।

### জাতীয় গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়ে গবেষণা কর্মসম্পাদন: প্রণীত ধারণাপত্র/পলিসি নোট প্রণয়ন

- Promoting Transparency and Better Governance: The Case of Bangladesh Customs Portal; এবং
- The Blue Economy: Bangladesh Perspective (draft).

**দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত কার্যাদি:**

- Local Consultative Group (LCG) working group এর কার্য সম্পাদন;
- সার্ক, কমনওয়েলথসহ বিভিন্ন দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক অর্থনৈতিক সহযোগিতা ফোরাম সংশ্লিষ্ট বিষয়াদির প্রক্রিয়াকরণ;
- Inter-governmental Expert Group (IGEG) on Financial Issues এবং SAARC Finance এর সাথে সম্পৃক্ত কার্যাদি সম্পাদন;
- বিভিন্ন আন্তর্জাতিক চুক্তি, যেমন- বাণিজ্য চুক্তি, বিনিয়োগ সহায়তা চুক্তি ইত্যাদি বিষয়ে মতামত প্রদান;
- LDC Graduation এবং Istanbul Plan of Action সংক্রান্ত কার্যক্রম সম্পাদন; এবং
- বাণিজ্য নীতি সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন।

**অন্যান্য:**

- মাননীয় প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রী বরাবরে জাতীয় সংসদে উপস্থাপিত দেশের সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি সংক্রান্ত প্রশ্নোত্তর তৈরি এবং সংসদে প্রেরণ;
- মাননীয় অর্থমন্ত্রী ও অর্থ সচিব মহোদয়ের নির্দেশনামতে তথ্য-উপাত্ত/বিশ্লেষণাত্মক লেখা (Write-up)/কান্ট্রি ব্রিফ/বক্তৃতার খসড়া/মন্তব্য ইত্যাদি প্রদান;
- SDG (টেকসই উন্নয়ন অভীষ্ট) সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন ও সমন্বয়;
- “Skills for Employment Investment Program (SEIP)” সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন;
- অর্থ বিভাগের অধীনে National Human Resource Development Fund (NHRDF) বিষয়ক কার্যক্রম;
- ষান্মাসিক ভিত্তিতে প্রণীত ‘SAARC Finance News Letter’ এর জন্য তথ্য প্রস্তুত ও প্রেরণ;
- Corporate social responsibility (CSR) / Social Obligation Fund (SOF) সংক্রান্ত গাইডলাইন প্রস্তুতকরণ; এবং
- সাপ্তাহিক উপস্থাপনা কার্যক্রম পরিচালনা।